দৈনিক বাংলা

তারিখ 30 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৮

68

# চট্টগ্রাম ভার্সিটিতে শিবিরের ধর্মঘটঃ কাল ক্লাস হয়নি

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ২৯শে অক্টোবর ।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিবিরকর্মীরা তথা-কথিত সংগ্রামী ছাত্র ঐক্যের ব্যানারে আজ সকাল-সন্ধ্যা ধর্মঘটের ডাক দেয়। ধর্মঘটের কারণে হাজার হাজার

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(প্রথম পৃঃ পর)

ছাত্রছাত্রী আজ ক্লাস করতে পারেনি।

শিবির মূলত আজকের নির্ধারিত বিজ্ঞান পরিষদের ডীন নির্বাচন অনুষ্ঠান বানচাল করার লক্ষ্যে এই কর্মসূচী গ্রহণ করে। গত সেপ্টেম্বর মাসেও তাদের ধর্মঘটের কারণে এই নির্বাচন অনুষ্ঠিত হতে পারেনি। বিগত পাঁচ মাস যাবৎ বিজ্ঞান পরিষদ এবং বিভিন্ন বিধিবদ্ধ পরিষদ নির্বাচন অনুষ্ঠান শিবিরের ধর্মঘটের ফলে ব্যাহত হচ্ছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ইফতেখার হোসেন চৌধুরী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিবিরের এহেন ধর্মঘট কর্মসূচীর নিন্দা জানিয়ে বলা হয়, এর ফলে শিক্ষকদের পদোন্নতি, নিয়োগ প্রভৃতি প্রশাসনিক কাজে সংকট দেখা দিয়েছে।